কম্পিউটার গেমসেও
বাংলাদেশ জঙ্গি রাষ্ট্র

একটা সময় ছিল, যখন লড়তে হতো সোভিয়েট ইউনিয়নের বিপক্ষে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের গেমগুলোতে এখনো জার্মান বাহিনীকে কোণঠাসা করা যুক্তরাষ্ট্রের অধিকাংশ শিশু-কিশোরের বিনোদনের সর্বোচ্চ মাধ্যম। এই আঞ্চলিক সহিংসতার ধারায় নতুন যুক্ত হলো বাংলাদেশের নাম... লিখেছেন **জাহাঙ্গীর আলম জুয়েল**

গহিন পাহাড়ি অঞ্চল। অস্ত্র হাতে ছুটে চলছে গাছের আড়াল দিয়ে। মিশন: সশস্ত্র জঙ্গিবাদ প্রতিহত করা। পৃথিবীর তিনটি অঞ্চলকে চিহ্নিত করা হয়েছে ভয়ঙ্কর জঙ্গিবাদ ঘাঁটি হিসেবে। হঠাৎ সামনে পড়লো দাড়িওয়ালা আলখাল্লা পরা এক যুবক। গর্জে উঠলো হাতের আধুনিক অস্ত্র। সবই ঠিক আছে, কম্পিউটার গেমসের অ্যাকশন টাইপ গেমগুলোর চিত্র তো এমনই হয়। কিন্তু গেমটির প্লাটফর্ম যখন হয় বাংলাদেশ, স্থান : চট্টগ্রাম এবং গেমের মূল লক্ষ্য থাকে বাংলাদেশের ইসলামি জঙ্গি নিধন, তখন বিষয়টি আর শুধু কম্পিউটার গেমের মাঝেই সীমাবদ্ধ থাকে না। পরিণত হয় বাস্তব গেম প্রেক্ষাপটে।

একটা সময় ছিল, যখন প্রায় সব গেমে হিরো ছিল যুক্তরাষ্ট্র এবং শত্রুবাহিনী হিসেবে লড়তে হতো সোভিয়েট ইউনিয়নের সঙ্গে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের গেমগুলোতে এখনো জার্মান বাহিনীকে কোণঠাসা করা যুক্তরাষ্ট্রের অধিকাংশ শিশু-কিশোরের বিনোদনের সর্বোচ্চ মাধ্যম। এখন এই আঞ্চলিক সহিংসতায় নতুন যুক্ত হলো বাংলাদেশের নাম।

সনির প্লে-স্টেশন টু-তে সম্প্রতি যোগ হয়েছে জনপ্রিয় সোকম গেমের তৃতীয় ভার্সন SOCOM-3। গেমটিতে যুক্তরাষ্ট্রের নেভি হিসেবে বিভিন্ন মিশনে অংশ নিতে হবে। যে তিনটি দেশে জঙ্গিবাদের ঘাঁটি দেখানো হয়েছে তা হলো মরক্কো, বাংলাদেশ ও পোল্যান্ড। একশনধর্মী এই গেমে কমান্ডো স্টাইলে লড়াই করতে হবে জঙ্গিদের বিরুদ্ধে।

সনি'র প্লে স্টেশন টু

গেমটির কারিগরি দিকটি বেশ যত্ন নিয়ে ডেভেলপ করা হয়েছে। গেমের পরিবেশকে আরো বাস্তবে পরিণত করতে এর আর্ট ডিপার্টমেন্ট মাসাধিককাল অবস্থান নেয় বাংলাদেশে। ডিজিটাল ক্যামেরায় তারা ধারণ করে চট্টগ্রামের বিভিন্ন লোকেশনের অসংখ্য ছবি। পরে এগুলো জুড়ে দেয়া হয় গেমসের সঙ্গে। ফলে গেমটি খেলার সময় মনে হবে সত্যি পার্বত্য চট্টগ্রাম দিয়েই আপনি হেঁটে চলছেন। তাই জঙ্গি দেশ হিসেবে বাংলাদেশকে যে বেশ গবেষণা করেই সিলেক্ট করা হয়েছে, তা আর বলার অবকাশ রাখে না।

কম্পিউটার গেমস এবং শিশু মনস্তত্ত্ব

তথ্যপ্রযুক্তির যুগে মানুষের নিত্যকার অনেক আচরণই মনের অজান্তে নিয়ন্ত্রিত হচ্ছে মিডিয়ার প্রভাবে। আপনার সৌন্দর্যবোধ, রুচি, পছন্দ-অপছন্দ সবই নিয়ন্ত্রণ করছে মিডিয়া। তেমনি শিশু-কিশোরদের মনে গেমসের প্রভাব অনেক বেশি। এ ক্ষেত্রে কম্পিউটার গেমস কাজ করছে শক্তিশালী মিডিয়ারূপে। গেমসের মাধ্যমে একটি ছোট্ট মেসেজও সহজেই পৌঁছে দেয়া যায় শিশুমনে। আর প্রায় প্রতিটি গেমস ইন্টার অ্যাকটিভ হওয়ায় তা আঁচড় কেটে যায় আরো অনেক গভীরে।

একশন গেমারদের মাঝে বেশ জনপ্রিয় একটি গেম হলো হাফলাইফ। গেমটিতে অবশ্য লড়তে হয় ভিনগ্রহবাসীর বিরুদ্ধে। বেশ নৃশংস এই গেমটির প্রভাবও ভয়ঙ্কর। তাইওয়ানে ১২ বছরের এক বালক গেমসের আদলে কুপিয়ে হত্যা করে ৪ বছরের আপন ছোট ভাইকে। পরে সে স্বীকার করে, গেমস খেলে নিতান্ত কৌতূহলের বসেই সে এ কাজটি করেছে। শিশু মনস্তত্ত্বে গেমসের প্রভাব নিয়ে উন্নত বিশ্বের অভিভাবকরা তাই রীতিমতো শঙ্কিত।

এবার আসা যাক বাংলাদেশ প্রসঙ্গে। পৃথিবীর অপর প্রান্তে বাস করা একটি শিশু যখন প্লে স্টেশনে বাংলাদেশের বিরুদ্ধে খেলতে বসবে, তখন কী ঘটবে? একটি দেশ সম্পর্কে তার প্রথম অনুভূতি হবে ভয়াবহ। সারা জীবন এ দেশটির নামের সঙ্গে তার মাথায় গেঁথে থাকবে আরো একটি শব্দ- জঙ্গিবাদ। বেশ কয়েক বছর আগে চীনা সরকার কমান্ড

অ্যান্ড কনকারের একটি গেমকে সে দেশে নিষিদ্ধ করে। কারণ গেমটিতে চীনের একটি অঙ্গরাজ্যের স্বাধীনতার জন্য লড়তে হয় কমান্ডারদের। বিষয়টিকে চীনা সরকার সার্বভৌমত্বের জন্য হুমকি মনে করে নিষিদ্ধ ঘোষণা করে।

প্রতিক্রিয়া

গেমটির বিষয়ে আরো তথ্য খুঁজতে যখন বিভিন্ন ওয়েবসাইটে ঘুরে বেড়াচ্ছিলাম, তখন চোখে পড়লো কিছু প্রতিবাদলিপি। বাংলাদেশের অসংখ্য গেমার সনি কোম্পানির এহেন মানসিকতার প্রতিবাদ জানিয়েছে অনলাইন ফোরামের মাধ্যমে। অনেকে আবার জানতে চেয়েছে বাংলাদেশ সম্পর্কে আরো বিস্তারিত তথ্য। বিষয়টি নিয়ে রয়েছে তর্ক-বিতর্ক। গেমস্পট ওয়েবসাইটের অনলাইন ফোরামে এমনি একটি প্রতিবাদলিপি হলো :

ÔmKj †Mgvi‡K Rvbv‡Z PvB †h evsjv‡`‡k mš¿vmx‡`i †Kv‡bv cgwYZ NwU



†bB| Awg evsjv‡`‡ki GKRb bvMwiK| m¤ve¨ mš¿vmx GjvKvi ZwjKvq Avgvi gvZfwgi bvg ms‡hvR‡bi Zxe cwZev` KiwQ| Avgiv hw` abx Ges cfvekvjx †`k nZvg Zvn‡j mwb GB ZwjKvq Avgvi †`‡ki bvg ms‡hvR‡bi mvnm †cZ bv| Avgiv †Kv‡bv weZwKZ h‡× Rwo‡q cwowb, †Kv‡bv kxZj h‡×I RovBwb| Avgv‡`i †`k‡K mš¿vmx‡`i AvLov I cgvY Ki‡Z cv‡iwb †KD| e¨vcviwU G‡Kev‡iB dvjZ|Õ

বিষয়টি হয়তো অনেকেই ফ্যান্টাসি বা ছেলেখেলা মনে করে উড়িয়ে দিতে পারেন। ev¯‘e তেমন হলে ভালোই হতো। কিন্তু প্রকৃতপক্ষে এটি সুদূরপ্রসারী ইমেজ সংকট তৈরি করবে। তৃতীয় বিশ্বের উন্নয়নশীল দেশ হলেও আমাদের আছে এমন কিছু, যা নিয়ে আমরা গর্ব করতে পারি। আমাদের আছে ভাষা আন্দোলন, মহান মুক্তিযুদ্ধ, বারংবার অন্যায়ের বিরুদ্ধে গর্জে ওঠা দৃঢ়প্রত্যয়। অথচ আগামী প্রজন্মের একটি শিশু আমার দেশ সম্পর্কে জানবে শুধুই জঙ্গি রাষ্ট্র হিসেবে।

ডিজিটাল ইমোশন



অনেক অনেক বছর ধরেই কম্পিউটার প্রযুক্তি আর আবেগের মধ্যে চলছে একটি অঘোষিত লড়াই। কারণ বিজ্ঞানীরা হয়তো বলেন, বিজ্ঞানে আবেগের কোনো স্থান নেই, এটি হবে পুরোমাত্রায় যান্ত্রিক ও গবেষণার বিষয়। কিন্তু সেই কাঠখোট্টা যুগের সমাপ্তি ঘটছে অচিরেই। আমেরিকার ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজির (এমআইটি) মিডিয়া ল্যাবরেটরিতে কম্পিউটারকে মানুষের মুড এবং ইমোশন বুঝতে পারে এবং সে অনুযায়ী রেসপন্স করার ক্ষমতা দেবার চেষ্টা চলছে। এ গবেষণা সফল হলে কম্পিউটার ব্যবহারকারী হতাশা, আগ্রহ, ক্ষোভ, রাগ কিংবা খুশি কোন অবস্থায় আছে তা বুঝতে পারবে এবং সে অনুযায়ী ইউজারের সঙ্গে আচরণ করবে। ইমোশনাল কমিউনিকেশনের বেশ কয়েকটি ক্ষেত্র নিয়ে গবেষণা চলছে।

চ্যাটিং ওয়ার্ল্ডে কম্পিউটার ইমোশন কিন্তু পরোক্ষভাবে ইতিমধ্যেই চালু হয়ে গেছে। কারণ সারা বিশ্বের কোটি কোটি মানুষ যারা ইন্টারনেটে চ্যাটিং করেন, তারা একে অপরকে ইমোশন বা মুডের বিভিন্ন ধরনের সংকেত ব্যবহার করেন। পাঠকদের জন্য তেমন কিছু চ্যাটিং ইমোশনাল সাইন তুলে ধরা হলো:

* Prof * চ্যাটিং শেষ
5 হাই ফাইভ
20 অবস্থান (লোকেশন)
73 ধন্যবাদ
88 ভালোবাসা ও চুমু
12345 স্কুল সম্পর্কে বল।
A/S/L অথবা asi বয়স/লিঙ্গ/অবস্থান
B4N এখনকার জন্য বিদায়
BF বয়ফ্রেন্ড
DWB উত্তর দিও না।
DOM বুড়ো ভাম।
F2F মুখোমুখি
GF গার্ল ফ্রেন্ড
GGP বাথরুমে যাব
GL গুডলাক
GMAB আমাকে একটা সুযোগ দাও
GTSY দেখে খুশি হয়েছে
H&K আদর ও চুমো
HT হাই দেয়ার
HI হাসি
IC আই সি
ILY আই লাভ ইউ
IWALU আমি সব সময় ভালোবাসব
L হাসি
L8R পরে
LOL অট্টহাসি
LY লাও ইয়াহ
OL বুড়ো মহিলা
PM প্রাইভেট মেসেজ
S হাসি
QSL উত্তর
QSO কথাবার্তা
QT সুন্দর
RL বাস্তব জীবন
SYS শিগগিরই দেখা হবে
TTYL পরে কথা হবে
TNX ধন্যবাদ
TTFN এখনকার জন্য বিদায়
TY ধন্যবাদ
YM ইয়ং ম্যান
YW আপনি আমন্ত্রিত
O : -) সাধারণ সুন্দর
> : - (রাগ
I-I ঘুম পেয়েছে
(: : ( ) : :) ব্যান্ডএইড
:- { } চুমু
\-O বোরিং
ICI কোকের ক্যান
: - 9 মজাদার
: P বিরক্তিকর
: *) মাতাল
\ / ভর্তি গ্লাস
\-/ ড্রিংকস
(( )) : ** চুমো
: - 0 অবাক!
(_) কফি/বিয়ারের মগ
**** পপ কর্ণ
@--) --) (-- গোলাপ
: -@ ভিত
:) হাসি
: 0 হতাশ

মেহেদী হাসান সুমন